AT
autoridade
tributária e aduaneira

ফ্রেন্সে পরিবর্তন করুন ইংরেজীতে পরিবর্তন করুন

ফাইনান্স পোর্টালে প্রবেশ ও ব্যবহারের সকল তথ্য জানুন

www.portaldasfinancas.gov.pt



ফিনান্স পোর্টালে প্রবেশের জন্য আমি কিভাবে পাসওয়ার্ড পেতে পারি?

ফিনান্স পোর্টালে প্রবেশের জন্য দুটি উপায় রয়েছে:
ক. একটি প্রমাণীকরণ পাসওয়ার্ডের মাধ্যমে অথবা

খ. নাগরিক কার্ড বা ডিজিটাল মোবাইল কী এর মাধ্যমে



ক. কর্তৃপক্ষের অনুমিত একটি পাসওয়ার্ডের মাধ্যমে

১. ফিনান্স পোর্টালে প্রবেশের জন্য আমি কিভাবে পাসওয়ার্ড পেতে পারি?

Se আপনি যদি ব্যবহারকারী হোন তাহলে পাসওয়ার্ডের জন্য নিম্নোক্ত এই পোর্টাল অনুরোধ করতে পারেন: www.portaldasfinancas.gov.pt> নিবন্ধন করুন



আপনার ব্যক্তিগত তথ্য দিয়ে এখানে চাওয়া সব শর্তাদি মেনে পৃষ্ঠাটি পূরণ করুন।



পৃষ্ঠাটি পূরণ করার সময় আপনি যদি টেলিফোন এবং ই-মেইল ক্ষেত্রগুলি পরিবর্তন করেন, পাসওয়ার্ড অনুরোধ করা মাত্রই দুটি কোড স্বয়ংক্রিয়ভাবে আপনার কাছে পৌঁছে যাবে:

- মোবাইলের মাধ্যমে চাইলে এসএমএস বার্তার মাধ্যমে পাবেন
- ই-মেইলের মাধ্যমে চাইলে আপনার ই-মেইলে বার্তা পাবেন

প্রাপ্ত কোডগুলো শুধুমাত্র ফিনান্স পোর্টালে নিশ্চিত করতে পারবেন লগইন করার মাধ্যমে

>সকল সেবাগুলো>করদাতা প্রমাণীকরণ> ফিনান্স পোর্টালে প্রবেশের জন্য পাসওয়ার্ড পেতে টেলিফোনে প্রাপ্ত নম্বরটি পোর্টালে আপডেট করুন, যা পরবর্তী সময়ে খামে করে আপনার বাসার ঠিকানা কিংবা ই-মেইলের ঠিকানায় পাঠানো হবে।

1. আমার করের ঠিকানায় (আমার সাধারণ বাসস্থানের স্থান) পাসওয়ার্ড পেতে আমাকে কতদিন অপেক্ষা করতে হবে?

ডাক পোস্টের মাধ্যমে পাঠানোর প্রক্রিয়ায় বিতরণের সময় বিবেচনা করে পাসওয়ার্ড পাওয়ার গড় সময় হতে পারে **৫ কার্য দিবস।**

২. **একটা গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে আপনি যদি আপনার আবাসস্থল পরিবর্তন** করেন তাহলে সেটি কি ফিনান্স কর্তৃপক্ষকে অবহিত করা বাধ্যতামূলক? এবং এটি কিভাবে করতে হবে?

- যদি সিটিজেন কার্ড থাকে তাহলে সিটিজেন কার্ডের মাধ্যমে প্রবেশ করে আপনাকে অনলাইনে ব্যক্তিগতভাবে ঠিকানা পরিবর্তন করতে হবে। এই পরিবর্তনের পরে কর্তৃপক্ষকে সেটি আপডেট করা হবে। আর আপনার যদি নাগরিক না থাকে তাহলে আপনাকে ফিনান্স পোর্টালে গিয়ে অথবা নিকটস্থ কোনো ফাইনান্স অফিসের সাহায্য নিয়ে আপনাকে ঠিকানায় পরিবর্তন করতে হবে।

- এটি একটি বাধ্যগত শর্ত। অবশ্যই আপনার ঠিকানা পরিবর্তন করলে সেটি কর্তৃপক্ষকে অবগত করুন। কারণ আপনার অনেক গুরুত্বপূর্ণ চিঠিপত্র সেই ঠিকানায় প্রেরণ করা হয়।

৩. ইউরোপীয় ইউনিয়নের বাসিন্দা হয়ে আমি কি ফিনান্স পাসওয়ার্ড পেতে পারি?

হ্যাঁ! আপনি যদি ইউরোপীয় ইউনিয়ন বা ইউরোপীয় অর্থনৈতিক অঞ্চলের বাসিন্দা হয়ে থাকেন, আপনার চাওয়া পাসওয়ার্ডটি ফিনান্স রেকর্ডে তালিকাভূক্ত ঠিকানায় প্রেরণ করা হবে। আপনি যদি কোনো ট্যাক্স প্রতিনিধি নিয়োগ করে থাকেন তাহলে সেটি আপনার নিযুক্ত প্রতিনিধির বাসার ঠিকানায় প্রেরণ করা হবে।

৪. ইউরোপীয় অর্থনৈতিক অঞ্চলের বাইরের বাসিন্দা হয়ে আমি কি পাসওয়ার্ডটি পেতে পারি?

হ্যাঁ! সেক্ষেত্রে আপনাকে পর্তুগালে একজন প্রতিনিধি রাখতে হবে। যার ঠিকানায় আপনার পাসওয়ার্ডটি প্রেরণ করা হবে।

৫. পাসওয়ার্ডটি কি ই-মেইলের মাধ্যমে পাঠানো যায়?

না! পাসওয়ার্ডটি স্বয়ংক্রিয়ভাবে বাধ্যতামূলক ডাক পোস্টের মাধ্যমে প্রেরণ করা হয়। এটি ই-মেইল বা অন্য কোনো মাধ্যমে প্রেরণ সম্ভব নয়।
আপনার কর ঠিকানা ঠিকমতো আপডেট হয়েছে এটি সর্বদা নিশ্চিত করুন।

৬. ইতিমধ্যে ৫ কার্যদিবস পেরিয়ে গেছে কিন্তু আমি এখনো আমার বাসার ঠিকানায় পাসওয়ার্ডটি পাই নাই। এক্ষেত্রে আমার কি করা উচিত?

ফিনান্সে প্রবেশের পাসওয়ার্ডগুলো স্বয়ংক্রিয়ভাবে নিয়মিত ই-মেইলের মাধ্যমে করদাতাদের বাসার ঠিকানা। প্রেরণ করা হয়। ডেলিভারিটি ডাক পোস্টের মাধ্যমে পাঠানো হয় এবং মাঝে মাঝে তা বিঘ্ন ঘটতে পারে।

আপনি যদি নির্ধারিত সময়ের মাঝে পাসওয়ার্ডটি না পেয়ে থাকেন তবে আপনার নিকটস্থ ফিনান্স অফিসে যোগাযোগ করুন (কোনো কারণে চিঠি/পাসওয়ার্ড ফিরে আসতে পারে) অথবা আপনি কল সেন্টারের সাথেও যোগাযোগ করতে পারেন (২১৭ ২০৬ ৭০৭) এবং আপনার পাসওয়ার্ডের চিঠির সর্বশেষ জানতে পারেন।

৭. পাসওয়ার্ডের জন্য আবেদনের ফর্মে কেন আমার সুরক্ষার প্রশ্ন জিজ্ঞাসা করবেন?

হারিয়ে যাওয়া বা ভুলে যাওয়া পাসওয়ার্ডের ক্ষেত্রে, সুরক্ষা প্রশ্নের সঠিক উত্তর আপনার পাসওয়ার্ডটি পুনরুদ্ধার করবে।

৮. আমি যদি বার্তা (ই-মেইল/এসএমএস) গ্রহণ করতে বেছে নিই, তবে এই পরিসেবাগুলি আমাকে কি সুবিধা দিতে পারে?

ফিনান্স কর্তৃপক্ষ তাদের করদাতাদের বিনামূল্যে ই-মেইল এবং এসএমএস বার্তার মাধ্যমে (মোবাইলে প্রেরিত বার্তা) প্রেরণ করে। নিয়মিত আপডেট এবং ব্যক্তিগত ভিত্তিতে তথ্যমূলক এসব বার্তা প্রেরণ করা হয়।

৯. আমি কিভাবে আমার পাসওয়ার্ডটি পুনরুদ্ধার করতে পারি?

আপনি যদি আপনার পাসওয়ার্ডটি ভুলে গিয়ে থাকেন তাহলে আপনি এই বিকল্প ব্যবস্থার মাধ্যমে পাসওয়ার্ড পুনরুদ্ধারের জন্য অনুরোধ করতে পারেন। প্রথমে লগইন করুন>সমস্ত পরিষেবা>করদাতার প্রমাণীকরণ>পাসওয়ার্ড পুনরুদ্ধার করুন বা সার্চ অপশনে লিখুন: পাসওয়ার্ড পুনরুদ্ধার।

আপনার যদি নিজের একান্ত ফোন থাকে

আপনি যদি ইতিমধ্যেই আপনার টেলিফোন নম্বরটি যোগাযোগের জন্য বিশ্বস্ত মনে করেন (এবং প্রদানকৃত নম্বরটির সাথে মিল থাকে) সেক্ষেত্রে আপনার পাসওয়ার্ডটি পুনরুদ্ধার করতে আপনার কাছে দুটি পথ খোলা রয়েছে। আপনার পূর্বের দেখা সুরক্ষা প্রশ্নগুলো নির্বাচন করতে হবে এবং সেগুলোর উত্তর দিতে হবে।

আপনি যখন নতুন পাসওয়ার্ডের জন্য আবেদন করেন। পূর্বের পাসওয়ার্ডটি তখন বাতিল হয়ে যায় এবং আপনার জন্য একটি নতুন পাসওয়ার্ড ইস্যু হয়। যেটি ০৫ কার্য দিবসের মধ্যে আপনার বর্তমান ঠিকানায় প্রেরণ করা হবে।

এসএমএস বিকল্পের সাহায্যে কোড গ্রহণ করে আপনার পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে।

বিকল্প কোডটি এসএমএসের মাধ্যমে নির্বাচন করার পরে আপনার একান্ত নম্বরটি প্রবেশ করাতে হবে। সেই নম্বরটির শেষ তিন সংখ্যা আপনার স্ক্রিনে দেখতে পাবেন।

পাসওয়ার্ড পুনরুদ্ধার সিলেক্ট করার পরে আপনাকে এসএমএসের মাধ্যমে ৬ সংখ্যার একটি কোড পাঠানো হবে। ৫ মিনিট সময় পর্যন্ত আপনি এই কোডটি প্রবেশ করাতে পারবেন।

এই মুহূর্ত থেকে আপনি একটি নতুন পাসওয়ার্ড চয়ন করতে পারেন।

পরিবর্তন বাটনে চাপ দেয়ার সাথে সাথে পূর্বের পাসওয়ার্ডটি বাতিল হয়ে যাবে। তখন আপনি নতুন করে নিজের পছন্দমত নতুন পাসওয়ার্ড ব্যবহার করা শুরু করতে পারবেন।

আপনি যদি একান্ত ফোনে সুরক্ষিত মনে না করেন

আপনি যদি এখনও আপনার ফোন নম্বর না দিয়ে থাকেন তাহলে আপনাকে পূর্বের নির্বাচিত সুরক্ষা প্রশ্নগুলো নির্বাচিত করে সেগুলোর উত্তর করতে হবে।

এই নতুন অর্ডার গ্রহণ করার পরে আপনার পূর্বের পাসওয়ার্ডটি তখন বাতিল হয়ে যায় এবং আপনার জন্য একটি নতুন পাসওয়ার্ড ইস্যু হয়। যেটি ০৫ কার্য দিবসের মধ্যে আপনার বর্তমান ঠিকানায় প্রেরণ করা হবে

আপনি যখন নতুন পাসওয়ার্ডের জন্য আবেদন করেন। পূর্বের পাসওয়ার্ডটি তখন বাতিল হয়ে যায় এবং আপনার জন্য একটি নতুন পাসওয়ার্ড ইস্যু হয়। যেটি ০৫ কার্য দিবসের মধ্যে আপনার বর্তমান ঠিকানায় প্রেরণ করা হবে।

এসএমএস বিকল্পের সাহায্যে কোড গ্রহণ করে আপনার পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে।



বিকল্প কোডটি এসএমএসের মাধ্যমে নির্বাচন করার পরে আপনার একান্ত নম্বরটি প্রবেশ করাতে হবে। সেই নম্বরটির শেষ তিন সংখ্যা আপনার স্ক্রিনে দেখতে পাবেন।



পাসওয়ার্ড পুনরুদ্ধার সিলেক্ট করার পরে আপনাকে এসএমএসের মাধ্যমে ৬ সংখ্যার একটি কোড পাঠানো হবে। ৫ মিনিট সময় পর্যন্ত আপনি এই কোডটি প্রবেশ করাতে পারবেন।

এই মুহূর্ত থেকে আপনি একটি নতুন পাসওয়ার্ড চয়ন করতে পারেন।

পরিবর্তন বাটনে চাপ দেয়ার সাথে সাথে পূর্বের পাসওয়ার্ডটি বাতিল হয়ে যাবে।

আপনি যদি একান্ত ফোনে সুরক্ষিত মনে না করেন

আপনি যদি এখনও আপনার ফোন নম্বর না দিয়ে থাকেন তাহলে আপনাকে পূর্বের নির্বাচিত সুরক্ষা প্রশ্নগুলো নির্বাচিত করে সেগুলোর উত্তর করতে হবে।

আপনি যদি একান্ত ফোনে সুরক্ষিত মনে না করেন

এই নতুন অর্ডার গ্রহণ করার পরে আপনার পূর্বের পাসওয়ার্ডটি তখন বাতিল হয়ে যায় এবং আপনার জন্য একটি নতুন পাসওয়ার্ড ইস্যু হয়। যেটি ০৫ কার্য দিবসের মধ্যে আপনার বর্তমান ঠিকানায় প্রেরণ করা হবে।

১০. সুরক্ষা প্রশ্নের উত্তর যদি না জানা থাকে তাহলে কিভাবে আমি সামনের দিকে যেতে পারবো?

ফিনান্স কর্তৃপক্ষের সাথে আপনার নিবন্ধিত মেইলটি নিম্নোক্ত মেইলে পাঠাতে হবে। যা আপনার ট্যাক্স সংখ্যার সাথে সম্পর্কিত।
portal-senhas@at.gov.pt

বিষয়টিতে অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে : NIF পাসওয়ার্ড বাতিল

ই-মেইলে আপনাকে বিস্তারিত তথ্য লিখতে হবে-

NIF (ট্যাক্স নম্বর):
আপনার পুরো নাম:
আপনার স্থায়ী ঠিকানা:

পাসওয়ার্ড বাতিল হয়ে গেছে ই-মেইলের মাধ্যমে এমন নিশ্চিতকরণ পাওয়ার পরে, বিকল্প ব্যবহার করে আপনাকে পুনরায় ফিনান্স পোর্টালে নিবন্ধন করতে হবে: নিবন্ধন করুন এবং নতুন পাসওয়ার্ডের জন্য অপেক্ষা করুন, যেটি ৫ কার্য দিবসের মধ্যে ডাক পোস্টের মাধ্যমে আপনার ট্যাক্স ঠিকানায় প্রেরণ করা হবে।

১১. পোর্টালে নিবন্ধন করার সময় আমি যে ই-মেইল ব্যবহার করেছি তা এখন ভুলে গেছি। আমার কি করতে হবে?

আপনি যদি একক ব্যক্তি হোন তাহলে আপনি ফিনান্স কর্তৃপক্ষকে ই-মেইল ঠিকানার আপডেটের জন্য আবেদন করতে পারেন। যখন সময়ে সময়ে ট্যাক্সের বাধ্যবাধকতা পূরণ করা জড়িত থাকে তখন একটি "পাসওয়ার্ড অন টাইম" প্রাপ্তির জন্য লগ ইন> ব্যক্তিগত তথ্য>ফিনান্স পোর্টালে যোগাযোগের বিবরণ (ই-মেইল এবং ফোন) বিকল্পের মাধ্যমে আপনাকে ফিনান্স পোর্টালে আপনার ই-মেইলটি দেখতে বা পরিবর্তন করতে দেয়।

আপনি যদি সম্মিলিত অবদানকারী হোন তাহলে ক্রিয়াকলাপের ঘোষণার মাধ্যমে ই-মেইল আপডেট নিকটস্থ ফিনান্স অফিসে গিয়ে করা যেতে পারে। একটি প্রত্যয়িত হিসাবরক্ষকের সমষ্টিগত করদাতাদের ক্ষেত্রে, ক্রিয়াকলাপের পরিবর্তনের ঘোষণাপত্রটিও পরবর্তী স্বাক্ষরকারী এবং সিসির স্টিকার সংযুক্ত থাকতে হবে।

১২. আমি কিভাবে আমার পাসওয়ার্ড পরিবর্তন করতে পারি?

ফিনান্স পোর্টালে গিয়ে বিকল্পটি নির্বাচন করুন: Iniciar sessão>Todos os serviços>Autenticação de contribuintes>Alterar senha ou código de acesso telefónico. অথবা অনুসন্ধান অপশনে লিখতে পারেন পাসওয়ার্ড পরিবর্তন। এরপর পৃষ্টায় অনুরোধকৃত পদগুলি দিয়ে ফর্মটি পূরণ করুন। অপশনে গিয়ে ট্যাক্স নম্বর ও বর্তমান পাসওয়ার্ড প্রবেশ করান। তারপর একটি নতুন পাসওয়ার্ড প্রবেশ করান এবং সেটি নিশ্চিত করুন।

অবশ্যই মনে রাখবেন পাসওয়ার্ড ৪ থেকে ১৬ অক্ষরের মধ্যে হতে হবে। যা সংখ্যা, অক্ষর বা অন্যান্য হতে পারে। যেমন : “AlvarodeCampos” , “Praia das Maças”, “S3nH4 e59u1s174” ou “25deAbrilde1974”. পুনরায় প্রবেশ করানো পাসওয়ার্ড গ্রহণ না হতে পারে।

পাসওয়ার্ড পরিবর্তন করার সময় আপনার কি-বোর্ডে বিশেষ মনোযোগ রাখা উচিত। ক্যাপস লক অন রেখে যদি পাসওয়ার্ড টাইপ করেন সেগুলো দৃশ্যমান না হওয়ায় অনেক সময় বোঝা যায় না আপনি কি ছোট অক্ষর টাইপ করলেন নাকি বড় অক্ষর। তাই এই ব্যপারে সতর্কতা জরুরি। যেমন : “alVARODEcAMPOS” লিখতে চাইলাম কিন্তু ক্যাপস লক ”AlvarodeCampos” খোলা থাকায় লিখে ফেললাম।

১৩. আমার পাসওয়ার্ড পরিবর্তন করার সুবিধা কি?

আপনার পাসওয়ার্ডটি একান্ত ব্যক্তিগত। এখানে গুরুত্বপূর্ণ সব তথ্য থাকে। আপনি যদি কোনো কারণে মনে করেন আপনার পাসওয়ার্ড সম্পর্কে কেউ অবগত আছেন তাহলে অবশ্যই আপনার দ্রুততার সাথে সেটি পরিবর্তন করে ফেলা উচিত। এটি আপনার ব্যক্তিগত তথ্য সুরক্ষার জন্য।

খ. সিটিজেন কার্ড অথবা ডিজিটাল মোবাইল কী দিয়ে প্রবেশ

১. নাগরিক কার্ডের মাধ্যমে ফিনান্স পোর্টালে প্রবেশের প্রযুক্তিগত প্রয়োজনীয়তাগুলো কি কি?

এটির জন্য আপনাকে একটি নির্দিষ্ট স্থানে আপনার কার্ডটি প্রবেশ করাতে হবে।

প্রমাণীকরণ সরবরাহকারী জাভা অ্যাপলেটের মাধ্যমে একটি নাগরিক কার্ডের সাথে অনুমোদনের জন্য আপনার ব্রাউজারটিতে জাভা ও প্লাগইন থাকা দরকার।

২. ডিজিটাল মোবাইল কী এর মাধ্যমে ফিনান্স পোর্টালে প্রবেশের প্রযুক্তিগত প্রয়োজনীয়তাগুলো কি কি?

আপনি অবশ্যই এর আগে ডিজিটাল মোবাইল কী অনুরোধ করেছিলেন। প্রক্রিয়াটি সহজ - www.autenticacao.gov.pt (ওয়েবসাইটে এ সম্পর্কে আপনি আরও বিস্তারিত তথ্য পাবেন)।

৩. কিভাবে সামনের দিকে যাবেন?

ফিনান্স পোর্টালের প্রমাণীকরণের জন্য আপনাকে অবশ্যই "Gov.pt" নির্বাচন করতে হবে:

তারপর, Gov.pt তে প্রবেশ করার পর আপনি নাগরিক কার্ডের সাথে সেটি সংযুক্ত করতে চান কিনা সেটি নির্বাচন করতে হবে। ডিজিটাল মোবাইল কী নির্বাচন করতে হবে।



বর্তমানে আপনার প্রসেস AMA এর Autenticação.gov ওয়েবসাইট থেকে পরিচালিত হচ্ছে।

আপনার যদি নাগরিক কার্ড বা ডিজিটাল মোবাইল কী ব্যবহারে সমস্যা হয় তাহলে নাগরিক যোগাযোগ কেন্দ্রের সাহায্য নিতে পারবেন। যোগাযোগ করুন, AMA সহযোগী লাইন - ৭০৭ ২৪১ ১০৭ অথবা ই-মেইল করুন (ao@ama.pt)

৪. কিভাবে আমি নাগরিক কার্ড বা ডিজিটাল মোবাইল কী দিয়ে আমার পাসওয়ার্ডটি পুনরুদ্ধার করতে পারি?

ফিনান্স পোর্টালে প্রমাণীকরণ অ্যাক্সেস করুন এবং পাসওয়ার্ড পুনরুদ্ধার করুন এ ক্লিক করুন।”:



আপনাকে পরবর্তী পৃষ্ঠায় নিয়ে যাওয়া হবে। যেখানে নাগরিক কার্ড বা ডিজিটাল মোবাইল কী দিয়ে একটি নতুন পাসওয়ার্ড চয়ন করার জন্য পৃষ্ঠার নীচে একটি লিঙ্ক রয়েছে:

আপনাকে আবার Autenticação.gov এ পৌঁছে দেওয়া হবে। যেখানে আপনি নাগরিক কার্ড বা ডিজিটাল মোবাইল কী চয়ন করতে পারবেন।

উদাহরণ স্বরুপ, নাগরিক কার্ড ব্যবহৃত হয়েছিলো "অনুমোদন" ক্লিক করুন।



প্রমাণীকরণ পিন প্রবেশ করান, এবং "ওকে" ক্লিক করুন।
আপনাকে ফিনান্স পোর্টালে ফিরে যাওয়ার জন্য নির্দেশনা দেখানো হয়েছে, যেখানে আপনাকে আপনার পাসওয়ার্ড এবং আপনার মোবাইল ফোনের অ্যাক্সেস কোডটি পুনরায় প্রবেশ করানোর সুযোগ দেওয়া হয়েছে।



আপনি যখন "পাসওয়ার্ড পরিবর্তন করুন" চেকবক্সটি নির্বাচন করবেন, আপনাকে অবশ্যই পছন্দসই পাসওয়ার্ড প্রবেশ করাতে হবে এবং কা নিশ্চিত করতে হবে:



"ডায়াল-আপ কোড পরিবর্তন করুন" চেকবক্সটি নির্বাচন করে, আপনাকে অবশ্যই পছন্দসই কোডটি প্রবেশ করাতে হবে এবং সেটি নিশ্চিত করতে হবে।

আপনি যা চান তা নির্ধারণ করার পরে "পরিবর্তন/Alterar" অপশনটিতে ক্লিক করুন।

পরিবর্তনটি করা হয়েছে তা নিশ্চিত হয়ে যাবে।

পিছনে ফিরে আসার বোতামটি ক্লিক করুন।
ফিনান্স পোর্টালে আপনার ব্যক্তিগত এরিয়া তে নির্দেশিত যা ইতিমধ্যেই প্রমাণীকৃত।

অন্যান্য তথ্যগুলো

এখানে পরামর্শ করুনPortal das Finanças (www.portaldasfinancas.gov.pt):

- A agenda fiscal;
- Os folhetos informativos;
- As Questões Frequentes (FAQ);
- A página *Tax System in Portugal*.

যোগাযোগ

- O Centro de Atendimento Telefónico (CAT) da Autoridade Tributária e Aduaneira, através do n.º 217 206 707, todos os dias úteis das 9h00 às 19h00.
- O serviço de atendimento eletrónico e-balcão, no Portal das Finanças.
- Um serviço de finanças (opte pelo atendimento por marcação).